

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(স্থানীয় সরকার শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮১০০.০১৬.১২.০১৯.২১. ৫৮৯/১(৮০)

তারিখঃ- ২৮ কার্তিক ১৪৩০
২৬ নভেম্বর ২০২৩

০১/২০২৩ নং বিভাগীয় মামলার চূড়ান্ত আদেশ

যেহেতু, আপনি জনাব মো: মোস্তাফিজুর রহমান, ইউপি সচিব, ০১ নং কলমা ইউনিয়ন পরিষদ, তানোর, রাজশাহীতে কর্মকালে ভিজিএফ এর ৭৬৩৮২২০ নং ডিওমূলে প্রাপ্ত ৩২২ বস্তা (১৬০৯০ কেজি) চাল ও জিআরএর ৭৬৩৮২১৩ নং ডিওমূলে প্রাপ্ত ১৬৭ বস্তা (৫০১০ কেজি) চাল যথাক্রমে গত ১৯/০৬/২০২৩ এবং ২২/০৬/২০২৩ খ্রি. তারিখে সঠিক ভাবে বিতরণে আপনি পরিষদকে সহযোগিতা করেন নাই এবং মাস্টার রোল তালিকাটি পরিবর্তন করে প্রস্তুত করে দাখিল করেছেন, যা ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরি শর্তাবলী) বিধিমালা, ২০১১ এর ৩৪ (ক) ধারায় দায়িত্ব অবহেলার সামিল।

এবং যেহেতু, আপনি অসং উদ্দেশ্যে উপর্যুক্ত কাজ সম্পাদন করেছেন এবং ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরি শর্তাবলী) বিধিমালা, ২০১১ এর ৩৪(ক) ও (খ) ধারার আদেশ লঙ্ঘন করেছেন। এছাড়াও উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী এর ১২ জুলাই ২০২৩ খ্রি. তারিখের ৮৬০ নং স্মারকে প্রেরিত সরেজমিনে তদন্ত প্রতিবেদনে স্পষ্টত প্রতীয়মান হয় যে, আপনার উপর অপিত দায়িত্ব যথাযথভাবে পালন না করে তথ্য গোপন করে চাল চুরি / আত্মসাৎ করার ক্ষেত্রে সহযোগিতা করেছেন। এছাড়া সেবা প্রার্থীদের সেবা প্রদানের ক্ষেত্রে কাঙ্ক্ষিত আচরণ করছেন না বলে প্রতীয়মান হয়, যা ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরি শর্তাবলী) বিধিমালা, ২০১১ এর ৩৪ (খ) ধারায় অসদাচরণের সামিল।

এবং যেহেতু, আপনি আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে লিখিত এবং মৌখিকভাবে ক্ষমা প্রার্থনা করেছেন এবং জনগণের সেবা করতে গিয়ে অনিচ্ছাকৃতভাবে অশোভনীয় আচরণ হয়ে থাকতে পারে মর্মে স্বীকার করেছেন।

সেহেতু, আপনাকে ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরি শর্তাবলী) বিধিমালা, ২০১১ এর ৩৪ (ক) ও (খ) বিধি অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা ও শিষ্টাচার বর্হিভূত আচরণ প্রদর্শনের জন্য অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করা হলো এবং আপনি আপনার অপরাধের বিষয়ে ক্ষমা প্রার্থনা করায় লঘু দন্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হলো এবং আপনি জনাব মো: মোস্তাফিজুর রহমান, ইউপি সচিব, তানোর, রাজশাহীকে ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরি শর্তাবলী) বিধিমালা, ২০১১ এর বিধি ৩৫ (১) (আ) বিধি মোতাবেক আগামী ০২ (দুই) বছরের জন্য আপনার ০২টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত করা হলো। আরোপিত দন্ড তার চাকুরি বহিতে লাল কালিতে লিপিবদ্ধ করতে হবে

০২। জারীর তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
শামীম আহমেদ
জেলা প্রশাসক
রাজশাহী
ফোন-০২৫৮৮৮৫৭০৫০ (অফিস)
dcrajshahi@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮১০০.০১৬.১২.০১৯.২১.

তারিখঃ- কার্তিক ১৪৩০
নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০৪। জেলা প্রশাসক,..... (সকল)
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী
- ০৬। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। তাকে পত্রটি ওয়েব পোর্টালে প্রদর্শন করার জন্য বলা হলো
- ০৭। চেয়ারম্যান, ০১ নং কলমা ইউনিয়ন পরিষদ, তানোর, রাজশাহী
- ০৮। জনাব মো: মোস্তাফিজুর রহমান, ইউপি সচিব, ০১ নং কলমা ইউনিয়ন পরিষদ, তানোর, রাজশাহী
- ০৯। অফিস কপি/ব্যক্তিগত নথি

শামীম আহমেদ
জেলা প্রশাসক
রাজশাহী

ফোন-০২৫৮৮৮৫৭০৫০ (অফিস)
dcrajshahi@mopa.gov.bd